

Live MCQ™

৪৯তম স্পেশাল বিসিএস (শিক্ষা) বিষয়ভিত্তিক প্রস্তুতি

বিষয়: ভূগোল (৩১১)

Compendium PDF

(সিলেবাস অনুসারে সর্বাধিক গুরুত্বপূর্ণ টপিক ও এমসিকিউ-এর সমন্বয়ে রচিত)

Mentor:

নিশাত ইয়াসমিন (তিথি)

প্রভাষক (ভূগোল)

৪০ তম বিসিএস

মেধাক্রম -১ম

বিষয় -ভূগোল

প্রিয় শিক্ষার্থীবৃন্দ, আসসালামু আলাইকুম। ৪৯তম (স্পেশাল) বিসিএস পরীক্ষা-২০২৫ এর বিষয়ভিত্তিক প্রস্তুতির ভূগোল বিষয়ে PSC কর্তৃক নির্ধারিত সিলেবাসের ওপর সকল ক্লাস ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। আসন্ন চূড়ান্ত পরীক্ষাকে সামনে রেখে Live MCQ একাডেমিক টিম আপনাদের প্রস্তুতিতে শাগিত করতে বিশেষ কমপেনডিয়াম পিডিএফ প্রদান করছে। আশা করছি, এর মাধ্যমে আপনাদের প্রস্তুতি আরও শাগিত হবে ইনশাআল্লাহ।

সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১।	পিএসসি কর্তৃক নির্ধারিত সিলেবাস ও মানবন্টন	1
২।	টপিক ভিত্তিক সাজেশন	5
৩।	বুক লিস্ট	9
৪।	শেষ মুহূর্তের নির্দেশনা	10
৫।	সংক্ষিপ্ত আলোচনা ও সর্বাধিক গুরুত্বপূর্ণ mcq প্রশ্ন উত্তর	11

পিএসসি কর্তৃক নির্ধারিত সিলেবাস ও মানবন্টন

Main Topic	Sub topic	Marks
Part-I	A. Physical Geography Definition, history and development Nature and scope of Geomorphology Recent trends in physical Geography	50
	B. The Earth as a Planet Origin of the earth Shape and Size Rotation and Revolution Perihelion and Aphelion Earth's orbit: Solstice and Equinox Internal Structure of the Earth World time zones Geological Time Scale	
	C. The Lithosphere Composition of the earth crust: Minerals and rocks Diastrophism and Volcanism Denudation and Weathering Agents of earth sculpture: Landforms produced by the work of	

	<p>rivers, glaciers, wind, oceanic waves and ground water Pre-Davision geomorphology Davisian cycle of Erosion</p>	
	<p>D. Theories on the Various Tectonic Aspects of the Earth's Surface Processes - Plate Tectonic Theory - Wegner's Continental Drift Theory - Theories of Isostasy and Gravity Tectonics</p>	
	<p>E. The Atmosphere - Composition of the atmosphere - Elements of climate: - Insulation and temperature, horizontal and vertical distribution of temperature; - Air pressure and pressure belts; - Winds and planetary wind system; - Humidity, types of rainfall; - Airmass; cyclones and</p>	
	<p>F. The Hydrosphere - Hydrological cycle - Oceans and their locations - Profile of the ocean floor - Major ocean currents - Marine resources and deposition</p>	
	<p>G. The Biosphere Definition of Ecology and Ecosystem Soil Profile Factors of soil formation Major soil types of the world Geographical Distributions of Plants Biodiversity and conservation Flora and Fauna of Bangladesh</p>	
Part-II	<p>A. Human Geography Definition scope and methodology Branches of human Current approaches to human Geography Man environment interaction</p>	40
	<p>B. Population Definition and concept of population Geography Global distribution and density Population dynamics (fertility, mortality and migration) Population growth theories Population Projection Life table Population Policy</p>	
	<p>C. Settlements Definition, scope and approaches of settlement Geography Types and patterns of settlements Rural and urban settlements</p>	

	<p>D. Economic Activities Primary activities: - Agriculture (major crop types, agricultural systems, livestock); - Fisheries - Forestry (distribution and principal use/products) - Mining (industrial minerals and energy resources) Secondary activities: - Vocational factors of industry - Global distribution of iron-steel and textile industries Tertiary activities: - Internal and international trade - Transportation: land, water, air - Service industries: commerce and finance</p> <p>E. Urban Geography Definition, scope, methodology of urban Geography Urbanization concepts Internal structure of the city Hierarchy of urban areas (Christaller's theory and Growth Pole concept) Transportation system</p>	
Part - II Geography of Bangladesh	<p>A. Natural Environment Geographical location and boundary Geology: Relief and physiography Soils River system Climate Wet lands Natural hazard</p> <p>B. Population Population composition Density and distribution Population dynamics (fertility, mortality and migration) Population policy and problems</p> <p>C. Natural Resources Base: Natural vegetation and forest Agriculture and fisheries Minerals and fuel energy Water resources and land resources</p> <p>D. Economic Base: Industry: Nature, growth and location Transport and Communication Trade and commerce Urbanization and economic development</p>	10

টপিক ভিত্তিক সাজেশন

টপিক	❖ সর্বাধিক গুরুত্বপূর্ণ টপিক****	গুরুত্বপূর্ণ টপিক**
A. Physical Geography Definition, history and development Nature and scope of Geomorphology Recent trends in physical Geography	❖ প্রাকৃতিক ভূগোল ইতিহাস ❖ Recent trends in physical Geography	❖ প্রাকৃতিক ভূগোল পরিধি
B. The Earth as a Planet Origin of the earth Shape and Size Rotation and Revolution Perihelion and Aphelion Earth's orbit: Solstice and Equinox Internal Structure of the Earth World time zones Geological Time Scale	❖ পৃথিবীর উৎপত্তি সম্পর্কে নেবুলার হিপোথিসিস, বিগ ব্যাং তত্ত্ব ও অন্যান্য তত্ত্ব ❖ পৃথিবীর আকার আকৃতি ও পরিধি ❖ পৃথিবীর ঘূর্ণন ও পরিভ্রমণ ❖ উত্তরায়ণ ও দক্ষিণায়ন ❖ উপসূর ও অনুসূর ❖ পৃথিবীর অভ্যন্তরীণ গঠন ❖ জিওলজিকাল টাইম স্কেল	❖ পৃথিবীর উৎপত্তি ❖ সময় অঞ্চলের বৈশিষ্ট্য
C. The Lithosphere Composition of the earth crust: Minerals and rocks Diastrophism and Volcanism Denudation and Weathering Agents of earth sculpture: Landforms produced by the work of rivers, glaciers, wind, oceanic waves and ground water, Pre-Davision geomorphology Davisian cycle of Erosion	❖ বিভিন্ন শিলার উদাহরণ ও বৈশিষ্ট্য ❖ Landforms produced by the work of rivers,	❖ মহিভাবক আলোড়নের ফলে সৃষ্ট ভূমিরূপ এর উদাহরণ ❖ আন্লেয়গিরির শ্রেণীবিভাগ ও উদাহরণ ❖ Landforms produced by the work of glaciers, wind, oceanic waves ❖ Davisian cycle of Erosion ❖ মরিস ডেভিসের ক্ষয়চক্র
D. Theories on the Various Tectonic Aspects of the Earth's Surface Processes - Plate Tectonic Theory - Wegner's Continental Drift Theory - Theories of Isostasy and Gravity Tectonics	❖ কন্টিনেন্টাল ড্রিফ থিওরির পৃথিবীর প্রধান দুটি ভাগ এবং প্রমাণসমূহ ❖ প্লেট টেকটনিক থিওরির Prat এবংAiry তত্ত্বের তুলনা ❖ Isostasy মতবাদের Prat এবংAiry তত্ত্বের তুলনা	❖ Gravity Tectonics

<p>E. The Atmosphere - Composition of the atmosphere - Elements of climate: - Insulation and temperature, horizontal and vertical distribution of temperature; - Air pressure and pressure belts; - Winds and planetary wind system; - Humidity, types of rainfall; - Airmass; cyclones and</p>	<ul style="list-style-type: none"> ❖ সাইক্লোন এবং এন্টিসাইক্লোনের মূল পার্থক্য ❖ কোপারের জলবায়ুর শ্রেণীবিভাগ ❖ বায়ুর চাপ বলয় ❖ নিয়ত বায়ু প্রবাহ ❖ বৃষ্টিপাতের শ্রেণীবিভাগ ও দেশের উদাহরণ 	<ul style="list-style-type: none"> ❖ Insulation ❖ Airmass source Region ❖ আর্দ্রতা ও পরম আর্দ্রতা
<p>F. The Hydrosphere - Hydrological cycle - Oceans and their locations - Profile of the ocean floor- Major ocean currents - Marine resources and deposition</p>	<ul style="list-style-type: none"> ❖ প্রধান প্রধান সাগরের মহাসাগরের গভীরতা আয়তন এবং বিশেষ বৈশিষ্ট্য সমূহ ❖ এল নিনো লানিনা ❖ আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরের নিচে ভূমিরূপের বিশেষ ফিচার সমূহ ❖ উপসাগরীয় সমুদ্র স্রোত 	<ul style="list-style-type: none"> ❖ পানিচক্র
<ul style="list-style-type: none"> ❖ G. The Biosphere Definition of Ecology and Ecosystem Soil Profile Factors of soil formation Major soil types of the world Geographical Distributions of Plants Biodiversity and conservation Flora and Fauna of Bangladesh 	<ul style="list-style-type: none"> ❖ ইকোসিস্টেম ও ইকোলজি কি ❖ প্রধান প্রধান বায়োমসমূহ ❖ সয়েল প্রোফাইল ❖ conservation Flora and Fauna of Bangladesh 	<ul style="list-style-type: none"> ❖ বিশ্বের প্রধান মাটির ধরন
<p>A. Human Geography Definition scope and methodology Branches of human Current approaches to human Geography Man environment interaction</p>	<ul style="list-style-type: none"> ❖ Environmental determinism ❖ Environmental possibilism ❖ Neo- determinism 	

<p>B. Population Definition and concept of population Geography Global distribution and density Population dynamics (fertility, mortality and migration) Population growth theories Population Projection Life table Population Policy</p>	<ul style="list-style-type: none"> ❖ পৃথিবীর জনসংখ্যা ❖ ম্যালথাসের তত্ত্ব ❖ ডেমোগ্রাফিক ট্রানজিশন মডেল ❖ মেগাসিটি ওমেগা সিটি 	<ul style="list-style-type: none"> ❖ জনসংখ্যা অভিক্ষেপ ❖ পপুলেশন গ্রোথ থিওরি ❖ মেগাসিটি
<p>C. Settlements Definition, scope and approaches of settlement Geography Types and patterns of settlements Rural and urban settlements</p>	<ul style="list-style-type: none"> ❖ Types and patterns of settlements Rural and urban settlements 	<ul style="list-style-type: none"> ❖
<p>D. Economic Activities Primary activities: - Agriculture (major crop types, agricultural systems, livestock); - Fisheries - Forestry (distribution and principal use/products) - Mining (industrial minerals and energy resources) Secondary activities: - Vocational factors of industry - Global distribution of iron-steel and textile industries Tertiary activities: - Internal and international trade - Transportation: land, water, air - Service industries: commerce and finance</p>	<ul style="list-style-type: none"> ❖ অর্থনীতি কর্মকাণ্ডের শ্রেণীবিভাগ ❖ বৈশ্বিক লোহা ইস্পাত ও বস্ত্র শিল্পের বাণিজ্য ❖ প্রধান প্রধান কৃষি পণ্য উৎপাদনকারী অঞ্চল 	<ul style="list-style-type: none"> ❖ প্রধান প্রধান উৎপাদন ও রপ্তানিকারী দেশ সমূহ ❖ বিভিন্ন প্রকার কৃষির ধরন
<p>E. Urban Geography Definition, scope, methodology of urban Geography Urbanization concepts Internal structure of the city Hierarchy of urban areas (Christaller's theory and</p>	<ul style="list-style-type: none"> ❖ methodology of urban Geography ❖ Christaller's theory ❖ Centre Place theory 	<ul style="list-style-type: none"> ❖ Global Urbanization Rate ❖ Concentric Zone model ❖ Multiple nuclei model

Growth Pole concept) Transportation system		
A. Natural Environment Geographical location and boundary Geology: Relief and physiography Soils River system Climate Wet lands Natural hazard	<ul style="list-style-type: none"> ❖ বাংলাদেশের জলবায়ু ❖ বাংলাদেশের নদী ব্যবস্থা ❖ বাংলাদেশের ভূমিরূপ 	❖ বাংলাদেশের মাটির শ্রেণীবিভাগ
❖ B. Population Population composition Density and distribution Population dynamics (fertility, mortality and migration) Population policy and problems	<ul style="list-style-type: none"> ❖ বাংলাদেশের জনসংখ্যার বর্তমান চিত্র ❖ বাংলাদেশের জনসংখ্যা পিরামিড 	❖ জনসংখ্যা নীতি ২০২৫
❖ C. Natural Resources Base: Natural vegetation and forest Agriculture and fisheries Minerals and fuel energy Water resources and land resources	<ul style="list-style-type: none"> ❖ বাংলাদেশের গ্যাস সম্পদ বাংলাদেশ ❖ বাংলাদেশের প্রধান প্রধান কৃষিজ পণ্য ধান পাট ❖ বাংলাদেশের পোশাক শিল্প 	❖ বাংলাদেশের ঔষধ শিল্প
❖ D. Economic Base: Industry: Nature, growth and location Transport and Communication Trade and commerce Urbanization and ❖ economic development	<ul style="list-style-type: none"> ❖ বাংলাদেশের সমাপ্ত প্রকল্পসমূহ এবং চলমান প্রকল্পসমূহ ❖ বাংলাদেশের প্রধান রপ্তানি পণ্য এবং আমদানি পণ্য ❖ বাংলাদেশের জনশক্তি রপ্তানি 	❖ বাংলাদেশের সাথে প্রধান রপ্তানিকারী বাণিজ্যিক দেশ

বুক লিস্ট

- ১। একাদশ দ্বাদশ শ্রেণী, ১ম ও ২য় পত্র, প্রফেসর মোয়াজ্জেম হোসেন চৌধুরী/মোঃ আব্দুল কুদ্দুস
- ২। প্রাকৃতিক ভূগোল পরিচিতি আব্দুর রউফ-- ড. কাজী
- ৩। অর্থনৈতিক ভূগোল - মোহাম্মদ আরিফুর রহমান
- ৪। মানবীয় ভূগোল - মোঃ আরিফুর বহমান
- ৫। Geography of Bangladesh -Haroun Rashid।
- ৬। ভূবন কোষ - আবদুল বাকী
- ৭। Climatology-Savindra Singh
- 8.Oceanography- Savindra Singh
- 9.। জনসংখ্যা ভূগোল - ৫ মনিরুল ইসলাম
- ১০। বসতি ও গ্রহায়ন ভূগোল -ড. মোহাঃ কামরুজ্জামান।
- ১১। .ড. অজিত কুমার
- ১২। আবহাওয়া ও জলবায়ু -ড. অজিত কুমার

শেষ মুহূর্তের নির্দেশনা

- ❖ শেষ মুহূর্তে পড়াশোনার কোন বিকল্প নেই তাই পড়াশোনায় সর্বোচ্চ সময় দিন
- ❖ লেকচার pdf গুলো, যেগুলো ক্লাসে পড়ানো হয়েছে এবং পরীক্ষার প্রশ্নগুলো বারবার চর্চা করুন
- ❖ এই মুহূর্তে এসে নতুন কোন বই পড়া উচিত হবে না .যে বইটি পড়েছেন সেটি এ টু জেড পড়ে ফেলুন.
- ❖ ভূগোলের বাংলাদেশ পাঠ টি জেনারেল নলেজের বাংলাদেশ বিষয়াবলীর সাথে মিলিয়ে পড়ুন।
- ❖ এ সময়ে এসে বেশি করে মডেল টেস্ট দিন।Live MCQ কর্তৃক যে পাঁচটি মডেল টেস্ট নেয়া হবে সেগুলো সঠিক প্রস্তুতি নিয়ে দেওয়ার চেষ্টা করুন. এবং কোন জায়গায় আপনার দুর্বলতা আছে সেটি চিহ্নিত করুন.
- ❖ যে টপিকটি কঠিন লাগে সেটি খুঁটিনাটি ঘেটে পড়ে রাখুন
- ❖ একাদশ শ্রেণীর ভূগোল বইয়ের(যেকোনো একজন লেখকের বই) এ টু জেড পড়তে হবে
- ❖ পরীক্ষার আগের রাতে ডাটা গুলো এক নজরে চোখ বুলিয়ে নিন এবং তাড়াতাড়ি ঘুমিয়ে পড়ুন
- ❖ প্রাকৃতিক ভূগোল পাঠে ৫০ মার্ক. তাই এখানে যথেষ্ট সময় দিন.
- ❖ কনফিউজিং বিষয়গুলো বিশেষ করে কোন বিষয়ের উপর বিভিন্ন ব্যক্তির তত্ত্ব গুলো তুলনা করে পড়ুন তাহলে মনে থাকবে
- ❖ কোন একটি টপিকের বাংলা এবংইংলিশ টার্ম জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শুধু যদি বাংলায় প্রশ্ন হয় সে ক্ষেত্রে বাংলা জানা না থাকলে প্রশ্নের উত্তর করা সম্ভব হবে না।

A. Physical Geography Definition, history and development Nature and scope of Geomorphology Recent trends in physical Geography

- ❖ ভূগোল হল পৃথিবীর বর্ণনা বলেছেন ইরাতুস্তিনিস
- ❖ ভূগোল পৃথিবীর পৃষ্ঠের অঞ্চলগত পার্থক্যের ব্যাখ্যা ও বর্ণনার বিজ্ঞান রিচার্ড থার্টশোর্ন
- ❖ ভূগোল একটি সমন্বিত বিজ্ঞান যা পৃথিবীর ঘটনাগুলোর স্থানগত সম্পর্ক বিশ্লেষণ করে বলেছেন- ইমানুয়েল কান্ট
- ❖ মধ্যযুগীয় কয়েকজন গুরুত্বপূর্ণ ভূগোলবিদ হচ্ছেন আল মাসুদী ,আল ইদ্রিসি, ইবনে বতুতা
- ❖ আল মাসুদীকে বলা হয় আরবদের হেরোডোটাস
- ❖ মানচিত্র তৈরিকারী আল ইদ্রিসি
- ❖ ভ্রমণ নির্ভর ভূগোল লেখক ইবনে বতুতা
- ❖ কয়েকজন গুরুত্বপূর্ণ আধুনিক ভূগোলবিদ হচ্ছেন আলেকজান্ডার ভন হামবোল্ড, কার্ল রিটার, ফ্রিডরিখ রাটজেল
- ❖ আলেকজান্ডার ভন হামবোল্ড বলা হয় প্রাকৃতিক ভূগোলের জনক
- ❖ কার্ল রিটার বলা হয় আধুনিক ভূগোলের জনক
- ❖ ভূগোলের গুরুত্বপূর্ণ কয়েকটি শাখা হচ্ছে ভূমিরূপ বিদ্যা ,জলবায়ুবিদ্যা, জলবিদ্যা , মৃত্তিকা ভূগোল সমুদ্রবিদ্যা ,হিমাবিদ্যা.


B. The Earth as a Planet Origin of the earth Shape and Size Rotation and Revolution Perihelion and Aphelion Earth's orbit: Solstice and Equinox Internal Structure of the Earth World time zones Geological Time Scale

অপসূর (aphelion):

- পৃথিবী থেকে সূর্যের দূরবর্তী অবস্থানকে অপসূর (aphelion) বলে।
- পৃথিবী ও সূর্যের মধ্যবর্তী দূরত্ব ৪ জুলাই সবচেয়ে বেশি থাকে।
- এ সময় পৃথিবী থেকে সূর্যের মধ্যবর্তী দূরত্ব থাকে ১৫ কোটি ২০ লক্ষ (১৫২ মিলিয়ন) কি.মি.

অনুসূর (perihelion):

- পৃথিবী থেকে সূর্যের নিকটবর্তী অবস্থানকে অনুসূর (perihelion)
- সূর্যের চারদিকে প্রদক্ষিণকালে পৃথিবী ও সূর্যের মধ্যবর্তী দূরত্ব ৩ জানুয়ারী সবচেয়ে কম থাকে।
- এ সময় পৃথিবী থেকে সূর্যের মধ্যবর্তী দূরত্ব থাকে ১৪ কোটি ৭০ লক্ষ (১৪৭ মিলিয়ন) কি.মি.।
- অনুসূর অবস্থানকালে পৃথিবী অপসূর অবস্থান অপেক্ষা ৭% বেশি সৌরতাপ পেয়ে থাকে।



উত্তরায়ন (summer solstice):

- ২১ জুন সূর্য পৃথিবীর উত্তর গোলার্ধের কর্কটক্রান্তির উপর অবস্থান করে লম্বভাবে কিরণ দেয়। এ ২১ জুনকে সূর্যের উত্তরায়ন (summer solstice) বলে।
- এ সময় উত্তর গোলার্ধে গ্রীষ্মকাল ও দক্ষিণ গোলার্ধে শীতকাল .
- দীর্ঘ দিন ও ক্ষুদ্রতম রাত বিরাজ করে।

দক্ষিণায়ন (winter solstice):

- পৃথিবী সূর্যের চারদিকে প্রদক্ষিণকালে ২১ জুন-এর কর্কটক্রান্তির অবস্থান থেকে সূর্য ক্রমে
- দক্ষিণ দিকে সরে যেতে থাকে। ছয় মাস পরে ২১ ডিসেম্বর সূর্য পৃথিবীর দক্ষিণ গোলার্ধের মকরক্রান্তির উপর অবস্থান করে লম্বভাবে কিরণ দেয়। এ ২১ ডিসেম্বরকে সূর্যের দক্ষিণায়ন (winter solstice) বলে।
- এ সময় দক্ষিণ গোলার্ধে গ্রীষ্মকাল ও উত্তর গোলার্ধে শীতকাল ।
- দীর্ঘ দিন ও ক্ষুদ্রতম রাত বিরাজ করে।

ভূ-ত্বক ও পৃথিবীর অভ্যন্তরীণ গঠন(Composition of Earths Crust and Interior)

ভূ-ত্বক (Earth Crust): পৃথিবীর উপরিভাগের কঠিন ও পাতলা শিলাস্তরকে ভূ-ত্বক (Earth Crust) বলে।

ভূ-ত্বকের উপাদান:

ভূ-ত্বক অক্সিজেন (O₂)- ৪৭%
সিলিকন -২৭.০৮%
অ্যালুমিনিয়াম (Al)- ৮.১%
লৌহ (Fe)- ৫.১%
ক্যালসিয়াম (Ca)- ৩.৭%
সোডিয়াম (Na)- ২.৮%
পটাসিয়াম (K)- ২.১%
ম্যাগনেসিয়াম (Mg) -২.২%
অন্যান্য উপাদান -১.২%

ভূ-কম্পন তরঙ্গের গতি প্রকৃতির ওপর ভিত্তি করে বিজ্ঞানিগণ ভূত্বক গঠনকারী শিলাসমূহকে তিন ভাগে ভাগ করেছেন।
যথা: ১। ওপরের হালকা শিলাস্তর, ২। মধ্যস্তরের গুরু শিলাস্তর, ৩। নিচের অলিভিন জাতীয় শিলাস্তর।

১। ওপরের হালকা শিলাস্তর:

- ভূ-ত্বকের ওপরিভাগের অপেক্ষাকৃত লঘু বা হালকা গ্রানাইট জাতীয় অম্লধর্মী শিলা দ্বারা গঠিত।
- গ্রানাইট শিলা সিলিকা (Silicon) ও অ্যালুমিনিয়াম (Aluminium) দ্বারা গঠিত।
- এ স্তরের মহাদেশীয় ভূ-ত্বক স্তরটি মেফিক ও ফেলসিক নামক দুটি শিলাস্তরে বিভক্ত।

ফেলসিক	মেফিক
১। এটি ভূ-ত্বকের ওপরের স্তর।	১। এটি ভূ-ত্বকের দ্বিতীয় স্তর।
২। ফেলসিক শিলার বর্ণ গাঢ় ধূসর থেকে কালো হয়।	২। মেফিক জাতীয় শিলার বর্ণ কালো।
৩। ফেলস্পার ও সিলিকা মিশ্রিত আল্গেইশিলা দ্বারা ফেলসিক গঠিত।	৩। ম্যাগনেসিয়াম ও লৌহ মিশ্রিত আল্গেইশিলা দ্বারা গঠিত।
৪। গ্রানাইট ও বায়োলাইট প্রভৃতি ফেলসিক জাতীয় শিলা।	৪। ব্যাসল্ট ও গ্যাব্রো মেফিক জাতীয় শিলা।

২। মধ্যস্তরের গুরু শিলাস্তর:

- ব্যাসল্ট জাতীয় ক্ষারকীয় শিলা দ্বারা গঠিত।
- সিলিকা ও ম্যাগনেসিয়ামে দ্বারা গঠিত।

৩। নিচের অলিভিন জাতীয় শিলাস্তর-ভূত্বকের এ মণ্ডলটিতে অলিভিন জাতীয় অতি ক্ষারকীয় (Ulira basic Rock) শিলা পর্যাপ্ত পরিমাণে থাকে। এ স্তরটি অলিভিন পাইরক্সিন ম্যাগনেসিয়াম, লৌহ, সিলিকেট প্রকৃতি পদার্থ যুক্ত হয়ে গঠিত। তবে ম্যাগনেসিয়ামের পরিমাণ বেশি।

ভূত্ববিদগণ ভূঅভ্যন্তরকে তিনটি স্তরে ভাগ করেছেন।

যথা:

১। অশমণ্ডল বা ভূ-ত্বক (Lithosphere)

- আপেক্ষিক গুরুত্ব -২.৮ থেকে ৩
- গভীরতা- সমুদ্র তলদেশে ৩ কিলোমিটার এবং মহাদেশের ও পর্বতের তলদেশে ৪০ কিলোমিটার। ভূ-ত্বকের গড় গভীরতা ২০ কিলোমিটার।
- অশমণ্ডল দুটি ভাগে বিভক্ত। ওপরের হালকা শিলাস্তরকে (ক) শিয়ালস্তর (Sial) এবং নিচের ভারি: (খ) শিলাস্তরকে সিমাস্তর (Sima) বলা হয়
- কনরাড বিযুক্তি রেখা (Conrad discontinuity line)- অশমণ্ডলের সিয়ালস্তর ও সিমাস্তর দুটি যে সীমারেখায়
- মোহোবিযুক্তি রেখা- অশমণ্ডল ও গুরুমণ্ডলের মাঝে যে একটি হালকা সরু স্তর

২। গুরুমণ্ডল (Baryosphere)

- আয়তনে সর্বাধিক। গুরুমণ্ডলের আয়তন পৃথিবীর মোট আয়তনের ৮২ ভাগ এবং পৃথিবীর মোট ওজনের শতকরা ৬৮ ভাগ।
- ২,৮৮৫ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত
- আপেক্ষিক গুরুত্ব ৪ থেকে ৫ অর্থাৎ পানির চেয়ে ৪/৫ গুণ ভারি
- তাপমাত্রা- শেষ সীমায় তাপমাত্রা প্রায় ৩০০০° সেলসিয়াস-এর বেশি। ৩। কেন্দ্রমণ্ডল (Centrosphere)

(ক) বহিঃগুরুমণ্ডল:

- বহিঃগুরুমণ্ডলে ক্রোমিয়াম (Cro), লোহা (Fe), সিলিকন (Si) এং ম্যাগনেসিয়াম (Mg) বেশি বলে বিজ্ঞানিগণ একে ক্রোফেসিমা (Cro-Fe-Si-ma) নামে নামকরণ করেছেন।
- তাপমাত্রা -বহিঃগুরুমণ্ডলের শিলার তাপমাত্রা গলনাঙ্কের কাছাকাছি হওয়ায় তা আংশিক নরম অবস্থায় আছে

- এ স্তরকে নমনীয় মণ্ডল (Asthenosphere) বলে।
- এ স্তর থেকেই আল্‌য়েগিরির অগ্ন্যুৎপাত ঘটে।
- এর ওপর ভাসমান মহাদেশগুলো চলমান অবস্থায় থাকে। এতে ভূ-পৃষ্ঠে বিভিন্ন ভূমিরূপের সৃষ্টি হয়।

অন্তঃগুরুমণ্ডল:

- ৭০০ কিলোমিটার থেকে ২৮৮৫ কিলোমিটার পর্যন্ত
- ঘনত্ব ৫.৫ থেকে ১০।
- অন্তঃগুরুমণ্ডলে নিকেল (Ni), লোহা (Fe), সিলিকন (Si) ও ম্যাগনেসিয়াম (Mg) বেশি বলে .একে নিফেসিমা (Ni-Fe-Si-ma) বলে।


কেন্দ্রমণ্ডল (Centrosphere):

(ক) বহিঃকেন্দ্র (Outercore):

- বিস্তৃতি ২২৭০ কিলোমিটার।
- কেন্দ্রমণ্ডলের বাইরের অংশের মধ্যদিয়ে ভূমিকম্পের P-তরঙ্গ (Primary wave) ধীরগতিতে প্রবাহিত হয় কিন্তু S তরঙ্গ (Secondary wave) প্রবেশ করতে পারে না। এতে প্রমাণিত হয় বাইরের অংশটি তরল অবস্থায় আছে। কারণ S-তরঙ্গ তরল পদার্থের মধ্যদিয়ে প্রবাহিত হয় না।
- এখানে তরল লৌহ ও নিকেল ঘনীভূত অবস্থায় অধিক ঘনত্বে অবস্থায় রয়েছে।
- আপেক্ষিক গুরুত্ব ১০.৭৩

(খ) অন্তঃকেন্দ্র (Innercore):

- অন্তঃকেন্দ্র কঠিন অবস্থায় আছে।
- এটি প্রধানত লোহা ও নিকেল দ্বারা গঠিত।
- তাপমাত্রা -৩০০০০- ৫০০০° সেলসিয়াস এর মধ্যে থাকে.



পৃথিবীর সময় অঞ্চল

- পৃথিবীতে কয়টি টাইম জেনে ভাগ করা যায় -২৪ টি
- প্রতিটি সময় অঞ্চল কত ডিগ্রী দ্রাঘিমাংশের সমান -15°
- প্রতিটি সময় অঞ্চল কত ঘন্টার পার্থক্য নির্দেশ করে -এক ঘন্টার
- মূল মধ্যরেখার পূর্ব দিকে গেলে প্রতি 15 ডিগ্রী দ্রাঘিমাংশে সময় বাড়ে নাকি কমে- এক ঘন্টা বাড়ে
- মূল মধ্যরেখার পশ্চিমে গেলে প্রতি 15 ডিগ্রী দ্রাঘিমাংশে কত সময় কমে -এক ঘন্টা
- সূর্য যখন মূল মধ্যরেখা বা শূন্য ডিগ্রী দ্রাঘিমাংশের উপর অবস্থান করে তখন কয়টা বাজে- গ্রিনিচ সময় বারোটা
- বিশ্ব সময় অঞ্চলে বাংলাদেশের সময়- জিএমটি ৬

আন্তর্জাতিক তারিখ রেখা (Geological Time Scale)

- 180° দ্রাঘিমাংশের থেকে কি বলা হয়- আন্তর্জাতিক তারিখ রেখা
- বিশ্বের সবচেয়ে বেশি সময় অঞ্চল কোন দেশে রয়েছে -ফ্রান্স
- বিশ্বের সবচেয়ে বেশি সময় অঞ্চল কোন দেশে রয়েছে -ফ্রান্স
- আন্তর্জাতিক তারিখ রেখা কেন আঁকাবাঁকা --দেশ বা দ্বীপপুঞ্জ যুগে যেন বিভক্ত না করে আন্তর্জাতিক তারিখ রেখা পার হওয়ার ফলে কি হয় -সময় দিন বদলে যায়
- আন্তর্জাতিক তারিখ রেখার পশ্চিম থেকে পূর্বে গেলে দিন বাড়ে নাকি কমে -একদিন কমে যায়
- আন্তর্জাতিক তারিখ পূর্ব থেকে পশ্চিমে গেলে কি হয়- একদিন বাড়ে

ভূতাত্ত্বিক সময়পঞ্জি

- পৃথিবীর আদিমতম অবস্থা থেকে বর্তমান কাল পর্যন্ত সময়ের দৈর্ঘ্যকে কি বলে- ভূতাত্ত্বিককাল
- পৃথিবী উৎপত্তি লাভের পর কত বছর পর্যন্ত পৃথিবীতে জীবের কোন আবির্ভাব হয়নি- 2000 মিলিয়ন বা 200 কোটি বছর
- পৃথিবী উৎপত্তি লাভের পর প্রথম ২০০ কোটি বছরকে কি বলা হয় -অজিবীয় যুগ /Azaic Era
- অজিবীয় যুগের পরবর্তী ২০০০ মিলিয়ন বছর পৃথিবীতে প্রাণের অস্তিত্ব থাকা সম্ভব হলেও তার কোন চিহ্ন পাওয়া যায়নি তাই এ সময় কে বলে- Eozoic Era/Archaean/Protozoic/Archaen Era
- ভূতাত্ত্বিক সময়পঞ্জির পর্যায়ক্রমিক বিভাজন কিরকম-মহাকল্প (supereon), এটিকে আবার পর্যায়ক্রমে কল্প (eon), মহাপর্যায় (era), পর্যায় (period), মহায়ুগ (epoch) এবং শেষ পর্যন্ত যুগ (age) নামক এককে বিভক্ত করা হয়েছে।
- পৃথিবীর ইতিহাসে প্রাচীনতম জানা সময় কোনটি প্রাক ক্যামব্রিয়ান যুগ(Pre-cambrian Era)/ Eozoic Period
- Paleozoic যুগ কয়টি কালে বিভক্ত- ছয়টি
- Paleozoic যুগে ছয়টি কাল কি কি- ক্যামব্রিয়ান , সিলুরিয়ান ,ডেভোনিয়ান, কার্বনিফেরাস, পারমিয়ান।
- মেরুদণ্ডী ও সন্ধিপদ প্রাণীর ফসিল পাওয়া যায় কোন কালে-ক্যামব্রিয়ান কালে.
- প্রাচীনতম মাছ ও প্রথম মেরুদণ্ডী মাছের আবির্ভাব ঘটে কোন কালে অরডু ভিসিয়ান
- ডেবোনিয়ান কালকে কি বলা হয় -মাছের যুগ
- ইউরাল পর্বত উত্তর আমেরিকার এপেলেসিয়ান পর্বত, রকি ও আন্দিজ পর্বত সৃষ্টি হয় কোন যুগে- কার্বনিফেরাস কালে
- অতিকায় সরীসৃপ বা ডাইনোসরের আবির্ভাব হয় কোন কালে -ম্যাসেজুয়েক যুগের প্রিয়াসিক কালে

- প্রথম পাখি ও ক্ষুদ্র স্তন্যপায়ী প্রাণীর আবির্ভাব হয় কোন কালে- জুরাসিককাল
- ডাইনোসর বিলুপ্ত হয় কোন কালে -ক্রিটেসিয়াস কালে
- হিমালয় ও আল্পস পর্বতমালার উত্থান হয় কখন- কাইনোজয়িক যুগের টারশিয়ারি কালের ওলিগোসিন পর্বে
- তুষার যুগ শুরু হয় কোন পর্বে-প্লাইস্টোসিন পর্বে
- প্রায় মানুষের আবির্ভাব হয় কোন কোন পর্বে- প্লাইস্টোসিন পর্বে
- ভূতাত্ত্বিক সময়পঞ্জি শেষ এবং সবচেয়ে সবচেয়ে আধুনিক সময় কোনটি কোয়ার্টার নারী কালের হোলসিন পর্বে

ভূতাত্ত্বিক কালক্রম (Geological Time Scale)

মহাকাল (Eras)	কাল (Period)	যুগ (Epoch)	বছর পূর্বে	প্রধান প্রাণী (Dominant Animals)	মন্তব্য (Remarks)	
সিনোজয়িক (Cenozoic)		রিসেন্ট (Recent)	২৫ হাজার	আধুনিক মানুষ ও সভ্যতার উদ্ভব।		
	কোয়ার্টারনারি (Quaternary)	প্লিস্টোসিন (Pleistocene)	১০ লক্ষ	মানুষের প্রথম সামাজিক জীবন; বৃহ স্তন্যপায়ী লুপ্ত।		
	টারশিয়ারি (Tertiary)		প্লিওসিন (Pliocene)	২ কোটি	মানুষের উদ্ভব।	
			মায়োসিন (Miocene)	সাড়ে ৩ কোটি	স্তন্যপায়ীর প্রাধান্য	স্তন্যপায়ীর যুগ (Age of Mammal)
			ওলিগোসিন (Oligocene)	সাড়ে ৪ কোটি	নানা প্রকার স্তন্যপায়ী।	
			ইওসিন (Eocene)	সাড়ে ৬ কোটি	আদি স্তন্যপায়ী লুপ্ত; অমরায়ুক্ত স্তন্যপায়ী প্রাধান্য।	
			প্যালিওসিন (Palaeocene)	সাড়ে ৭ কোটি	আদিম স্তন্যপায়ীর প্রাধান্য।	
মেসোজয়িক (Mesozoic)	ক্রিটেসিয়াস (Cretaceous)		সাড়ে ১৩ কোটি	ডাইনোসরের প্রাধান্য ও বিলুপ্তি, বর্তমান পাখির উদ্ভব; আদি স্তন্যপায়ী।	সরিসৃপের (Age of Reptile)	
	জুরাসিক (Jurassic)		সাড়ে ১৬কোটি	বিভিন্ন রকম ডাইনোসর; দাঁতযুক্ত প্রথম পাখি।		
	ট্রায়াসিক (Triassic)		সাড়ে ২২ কোটি	ডাইনোসরের উদ্ভব; স্তন্যপায়ী-সদৃশ সরিসৃপের প্রাধান্য।		
প্যালিওজয়িক (Palaeozoic)	পার্মিয়ান (Permian)		সাড়ে ২৪ কোটি	বর্তমান পতঙ্গ; বহু আদি প্রাণী লুপ্ত; স্থলে প্রাণীর আবির্ভাব।	উভচর, মাছ ও আমেরুদভী প্রাণীদের যুগ (Age of Amphibia, Fishes and Invertebrates)	
	কার্বনিফেরাস (Carboniferous)		-	পতঙ্গ, কষ্টকত্বক প্রাণী, হাঙ্গর, আদি সরিসৃপ।		
	ডিভেনিয়ান (Devonian)		সাড়ে ৩৭ কোটি	বহু প্রজাতির মাছ; উভচরের আবির্ভাব।		
	সিলুরিয়ান (Silurian)		সাড়ে ৪২ কোটি	কাঁকড়, বিছা, মাছ।		
	অর্ডভিসিয়ান (Ordovician)		সাড়ে ৫০ কোটি	সম্ভবত স্থলজ উদ্ভিদ; প্রবাল; মাছের উদ্ভব।		
	ক্যামব্রিয়ান (Cambrian)		সাড়ে ৫৮ কোটি	অমেরুদভী; ট্রাইলোবাইট ইত্যাদি।		
প্রোটেরোজয়িক			১৫০ কোটি	আদ্যপ্রাণী।		
আরকিওজয়িক			৩৫০ কোটি	কোন জীবশা নেই।		

C. The Lithosphere Composition of the earth crust: Minerals and rocks Diastrophism and Volcanism Denudation and Weathering Agents of earth sculpture: Landforms produced by the work of rivers, glaciers, wind, oceanic waves and ground water Pre-Davision geomorphology Davisian cycle of Erosion

খনিজ

- প্রাকৃতিক উপায়ে অনেকগুলো মৌলিক উপাদান পরস্পর মিলিত হয়ে যে যৌগিক পদার্থের সৃষ্টি করে তাকে কি বলে- খনিজ বলে খনি
- খনিজের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হচ্ছে -খনিজ ফটিকাকার , সুনির্দিষ্ট ভৌত ও রাসায়নিক বৈশিষ্ট্য রয়েছে ,এটি অজৈব পদার্থ
- কয়েকটি গুরুত্বপূর্ণ জ্বালানি খনিজ হচ্ছে -কয়লা পেট্রোলিয়াম ,প্রাকৃতিক গ্যাস
- ধাতব খনিজের উল্লেখযোগ্য উদাহরণ হচ্ছে- আকরিক লোহা ,টাংস্ট্যান,নিকেল , সিসা,তামা, দস্তা
- উল্লেখযোগ্য নিজেদের মধ্যে রয়েছে হীরা, সোনা রুপা চুনা পাথর জিপসাম গ্রাফাইট মার্বেল পাথর

শিলা

- কপিতয় খনিজের সংমিশ্রণে গঠিত পদার্থকে কি বলে -শিলা
- শিলা কয় প্রকার- তিন প্রকার
- সৃষ্টির প্রথম অবস্থায় পৃথিবী উত্তপ্ত গ্যাসীয় অবস্থায় বিতরণের ফলে শীতল হয়ে কোন শিয়ার সৃষ্টি করে আগ্নেয় শিলা
- আগ্নেয় শিলাকে অন্য কি নামে ডাকা হয় -প্রাথমিক শিলা
- আগ্নেয় শিলাকে কয় ভাগে ভাগ করা যায় -দুই ভাগে (বহিঃস্থ শিলা এবং অন্তঃস্থ শিলা)
- পৃথিবীর অভ্যন্তরের উত্তপ্ত মেঘনা অগ্নুৎপাতের সময় আগ্নেয়গিরি যারা মুখ দিয়ে বা ভূপৃষ্ঠের কোন ফাটল দিয়ে লাভা হিসেবে পৃথিবীর উপর বিভাগে এসে তাপ বিতরণ করে ক্রমশ শীতল হয়ে যেয়ে শিলা সৃষ্টি করে তাকে কি বলে -বহিঃস্থ আগ্নেয় শিলা
- বহিঃস্থ আগ্নেয় শিলা কত প্রকার -দুই প্রকার(বিস্ফোরক প্রকৃতির ও শান্ত প্রকৃতির)
- ভূপৃষ্ঠের অভ্যন্তরের উত্তপ্ত গলিত ম্যাগমা অনেক সময় ভূপৃষ্ঠে পৌঁছাতে না পেরে পৃথিবীর অভ্যন্তরে ভূত্বকের বিভিন্ন স্তরের মধ্যে অন প্রবেশ করে বহু বছর যাবত ধীরে শীতল ও কঠিন হয়ে যেয়ে শিলা সৃষ্টি হয় তাকে কি বলে -অন্তঃস্থ আগ্নেয় শিলা
- ভূপৃষ্ঠ থেকে অনেক নিচে যে অন্তঃস্থ আগ্নেয় শিলা গঠিত হয় তাকে কি বলে- পাতালিক আগ্নেয় শিলা
- পাতালিক আগ্নেয় শিলা উদাহরণ কি -ব্যথলিক ,প্যাকোলিথ
- ভূপৃষ্ঠের স্বল্প নিচে দুর্বল অংশে ফাটলের মধ্যে অন্তঃস্থ আগ্নেয় শিলা শীতল হয়ে যে শিলা সৃষ্টি করে তাকে কি বলে - উপপাতালিক অন্তঃস্থ শিলা
- উপপাতালিক অন্তঃস্থ শিলা সৃষ্ট ভূমিরূপের উদাহরণ হচ্ছে - সিল, ব্যাথলিথ ,ল্যাকোলিথ
- কয়েকটি গুরুত্বপূর্ণ আগ্নেয় শিলা উদাহরণ হচ্ছে ব্যাসল্ট,গ্রানাইট ,পেপম্যাটাইট,সিয়েনাইট,ডালোরাইট,গ্যাব্রো
- আগ্নেয় শিলা বৈশিষ্ট্য কি- জীবাশ্ম নেই ,স্তরবিহীন, ছিদ্র নেই ফলে অপ্রবেশ্য ,এটি কেলাসিত, অন্যান্য শিলা অপেক্ষা শক্ত

পাললিক শিলা

- বহু বছর যাবত সাগরের তলদেশে পলি সঞ্চিত হয়ে চাপে এবং তাপের প্রভাবে পলিরাশি জমাট হয়ে যে শিলায় পরিণত হয় তাকে কি বলে -পাললিক শিলা
- একমাত্র কোন শিলায় জীবাশ্ম দেখা যায় -পাললিক শিলা
- পাললিক শিলা কয় প্রকার তিন প্রকার (যান্ত্রিক প্রক্রিয়া গঠিত ,রাসায়নিক প্রক্রিয়া গঠিত, যান্ত্রিক প্রক্রিয়ায় গঠিত পাললিক শিলা)
- কদময় পাললিক শিলার উদাহরণ কি -কাদা মাটি ,শেল
- নুড়িময় যান্ত্রিক পাললিক শিলার উদাহরণ কোনটি-কংক্রিমায়েট ,গ্রিট
- বালুকাময় যান্ত্রিক পাললিক শিলার উদাহরণ কোনটি?- বেলে পাথর
- পানির সাথে মিশ্রিত রাসায়নিক পদার্থের প্রভাবে শিলা দ্রবীভূত হয়ে সঞ্চিত হয়ে যে পাললিক শিলা গঠন করে তাকে কি বলে ?-রাসায়নিক প্রক্রিয়ায় গঠিত পাললিক শিলা
- রাসায়নিক প্রক্রিয়ায় গঠিত পাললিক শিলার উদাহরণ কি?- জিপসাম ,সম্ভব লবণ ,চুনাপাথর ,ডলোমাইট
- চুনাময় জৈবিক পাললিক শিলার উদাহরণ কি -চুনাপাথর ,শেল, প্রবাল
- সিলিকাময় জৈবিক পাললিক শিলার উদাহরণ কি -স্পনজ,ডায়াটম নামক সামুদ্রিক উদ্ভিদের দেহে
- অঙ্গারীয় জৈবিক পাললিক শিলার উদাহরণ কি?- কয়লা ,পেট্রোলিয়াম, গ্যাস
- গুরুত্বপূর্ণ পাবলিক শিলার উদাহরণ কি ?-বেলে পাথর, কংক্রিমায়েট গ্রিট ,চুনাপাথর,লোয়েস
- পাললিক শিলার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য কি ?-স্তর বিশিষ্ট ,জীবাশ্ম দেখা যায় ,কোমল শিলা ,এটি অকেলাসিত

রূপান্তরিত শিলা

- অত্যধিক তাপ ও চাপের প্রভাবে অথবা রাসায়নিক প্রক্রিয়ায় আগ্নেয় শিলা ও পাললিক শিলা পরিবর্তিত হয়ে যে নতুন রূপ লাভ করে তাকে কি বলে -রূপান্তরিত শিলা
- রূপান্তরিত শিলার গুরুত্বপূর্ণ উদাহরণ কি?- চুনাপাথর থেকে মার্বেল , কয়লা থেকে গ্রাফাইট , বেলে পাথর থেকে কোয়ার্টজ, কাদা ,শেল থেকে স্লেট
- রূপান্তরিত শিলার বৈশিষ্ট্য কি ?-অনেক বেশি শক্ত ,কেলাসিত, জীবাশ্ম দেখা যায় না.

(DIASTROPHISM ভূ-আলোড়ন)

- যেসব শক্তি পৃথিবীর অভ্যন্তরীণ বিপর্যয় ঘটিয়ে পৃথিবীর বহিরাবন এর বহিরাবরণে পরিবর্তন সাধন করে সেগুলোকে কি বলে শক্তি বা
- ভূ আলোড়নের শক্তি কে কয় ভাগে ভাগ করা যায় ?-দুই ভাগে (মহীভাবক আলোড়ক, গিরিজনি আলোড়ক)
- কোন ভূ আলোড়ন লম্বভাবে ক্রিয়াশীল হয় বলে এর ফলে ভূপৃষ্ঠের বিভিন্ন স্থান খাড়াভাবে উপরে বা নিচে নেমে যায়- মহীভাবক আলোড়ন
- মহীভাবক আলোকের ফলে গঠিত ভূমিরূপ গুলোর উদাহরণ কি - স্তূপ,পর্বত ,মালভূমি, গ্রস্ত উপত্যকা
- কোন আলোড়ন ভূপৃষ্ঠে আনুভূমিক আনুভূমিকভাবে কার্যকরী হওয়ার ফলে বিভিন্ন রকমের পরিবর্তন হয় তাকে কি বলে?- গিরিজনি আলোড়ন
- গিরিজনি আলোড়নের ফলে কোন কোন ভূমিরূপ গঠিত হয়েছে-ইউরোপের আল্পস, এশিয়ার হিমালয়, উত্তর আমেরিকার রকি, দক্ষিণ আমেরিকার আন্দিজ
- কোন আলোড়নের ফলে ভঙ্গিল পর্বত গঠিত হয় - গিরিজনি আলোড়নের

- ভূমিকম্পের কেন্দ্র ভূপৃষ্ঠ থেকে কত কিলোমিটারের মধ্যে থাকে -১৬ থেকে ২০ কিলোমিটার
- ভূমিকম্প কয় প্রকারের ভূমিকম্প তরঙ্গ সৃষ্টি হয়? -তিন প্রকারের(P-তরঙ্গ, S-তরঙ্গ, L-তরঙ্গ)
- কোনটি ধীরগতি সম্পন্ন তরঙ্গ? -L-তরঙ্গ
- L-তরঙ্গের গতিবেগ প্রতি সেকেন্ডে কত? - 3-4 কিলোমিটার
- ভূপৃষ্ঠে সবচেয়ে বেশি দীর্ঘ পথ অতিক্রম করে কোন তরঙ্গটি -L
- কোন তরঙ্গটি কেবল তরল পদার্থের মধ্য দিয়ে গমন করে -s তরঙ্গ
- কোন তরঙ্গ টি যে কোন স্তরের মধ্য দিয়ে গমন করতে পারে - P তরঙ্গ
- ভূমিকম্পের তীব্রতা তীব্রতা মাপার যন্ত্র -সিসমোগ্রাফ,রিখটার স্কেল
- রিং অফ ফায়ার নামে পরিচিত কোন অঞ্চল? -প্রশান্ত মহাসাগরের উপকূলীয় ভূমিকম্প প্রবণ অঞ্চল

বিচূর্ণীভবন (Weathering)

- ভূপৃষ্ঠের ওপরের শিলারাশি চূর্ণ-বিচূর্ণ বা ভেঙ্গে খণ্ড খণ্ড হওয়াকে কি বলে-বিচূর্ণীভবন বলে।
- বিচূর্ণীভবনকে অন্য কি নামে ডাকা হয়-আবহবিকার বলা হয়।
- ক্ষয়সাধনের ওপর ভিত্তি করে বিচূর্ণীভবন প্রক্রিয়াকে প্রধানত কয় ভাগে ভাগ করা যায়-তিন ভাগে ভাগ করা যায়। যথা,-(ক) যান্ত্রিক বিচূর্ণীভবন(Mechanical Weathering),(খ) রাসায়নিক বিচূর্ণীভবন(Chemical Weathering),(গ) জৈবিক বিচূর্ণীভবন (Biological Weathering)।
- নগ্নীভবনের অর্থ নগ্নী হওয়া বা আলাগা হওয়া। শিলারাশি চূর্ণ-বিচূর্ণীভবনের পর প্রাকৃতিক শক্তি দ্বারা ঐ খণ্ড-বিখণ্ড শিলা অপসারিত হয়ে মূল শিলাখণ্ড নগ্ন বা আলাগা হয়ে যাওয়ার কে কি বলে- নগ্নীভবন (Denudation)

1.সূর্যের উত্তরায়ণের শেষ দিন কবে?

ক) ২১ জুন

খ) ২১ মার্চ

গ) ৪ ডিসেম্বর

ঘ) ২৩ সেপ্টেম্বর

উত্তরঃ ক) ২১ জুন

ব্যাখ্যা- সূর্যের উত্তরায়ণকালে মহাবিশ্বের পর কর্কটক্রান্তি রেখায় (২৩.৫° উত্তর অক্ষাংশ) সূর্যের আগমন তথা অবস্থানকে উত্তর অয়নান্ত বলা হয়। গ্রেগরিয়ান বর্ষপঞ্জি অনুসারে প্রতি বছর জুন মাসের ২০ হতে ২২ তারিখের মধ্যে এটি সংঘটিত হয় বলে একে জুন অয়নান্তও বলা হয়। এই দিন থেকে সূর্যের উত্তরায়ণের শেষ এবং দক্ষিণায়নের শুরু।

2. মহাদেশীয় ভূত্বক কোন ধরনের শিলা দ্বারা গঠিত?

a) গ্রানাইট শিলা

b) ব্যাসল্ট শিলা

c) কংগ্লোমারেট শিলা

d) ডলোরাইট শিলা

উত্তর - গ্রানাইট শিলা দ্বারা গঠিত

ব্যাখ্যা- মহাদেশীয় ভূত্বক মূলত গ্রানাইট শিলা দ্বারা গঠিত। এটি ফেলসিক শিলার একটি স্তর যা মহাদেশ এবং তাদের উপকূলের কাছাকাছি অগভীর সমুদ্রতলের অঞ্চল (মহাদেশীয় তাক) তৈরি করে

3. সিয়াল ও সিমা কে পৃথক করেছে কোন বিযুক্তি রেখা ?

a) কনরাড বিযুক্তি রেখা

- b) মোহোরোভিসিক বিযুক্তিরেখা
- c) গুটেনবার্গ বিযুক্তিরেখা
- d) নিফেসিমা বিযুক্তিরেখা

উত্তর - কনরাড বিযুক্তি রেখা

ব্যাখ্যা: পৃথিবীর ভূত্বকের দুটি প্রধান স্তর হলো সিয়াল (SIAL) এবং সিমা (SIMA)। সিয়াল স্তরটি মূলত সিলিকা (Si) এবং অ্যালুমিনিয়াম (Al) দ্বারা গঠিত, যা মহাদেশীয় ভূত্বকের প্রধান অংশ। সিমা স্তরটি সিলিকা (Si) এবং ম্যাগনেসিয়াম (Mg) দ্বারা গঠিত, যা মহাসাগরীয় ভূত্বক এবং মহাদেশীয় ভূত্বকের নিচের অংশে বিদ্যমান। এই দুটি স্তরের ঘনত্বে ভিন্নতা রয়েছে এবং যে সীমানায় এই ঘনত্ব পরিবর্তিত হয়, তাকে কনরাড বিযুক্তি রেখা বলা হয়।

4. নিম্নলিখিত কোন বিবৃতিটি 'প্রশান্ত মহাসাগরের অগ্নিবলয়' এর সাথে সবচেয়ে ভালোভাবে সম্পর্কিত?

- a) তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য পরিচিত
- b) জ্বালামুখী এবং ভূমিকম্পের জন্য পরিচিত
- c) শুধুমাত্র হিমবাহ গঠনের জন্য পরিচিত
- d) ক্রান্তীয় রেইনফরেস্টের জন্য পরিচিত

উত্তর - জ্বালামুখী এবং ভূমিকম্পের জন্য পরিচিত

ব্যাখ্যা: 'প্রশান্ত মহাসাগরের অগ্নিবলয়' (Pacific Ring of Fire) হলো প্রশান্ত মহাসাগরকে ঘিরে থাকা একটি অঞ্চল যা পৃথিবীর বেশিরভাগ আগ্নেয়গিরি এবং ভূমিকম্পের জন্য পরিচিত। এটি টেকটোনিক প্লেটের সীমানা বরাবর অবস্থিত যেখানে এই প্লেটগুলির সংঘর্ষের ফলে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত এবং ভূমিকম্প ঘটে থাকে।

5. মহীভাবক (Epeirogenic movement) আলোড়কের প্রভাবে ভূপৃষ্ঠে কোন ধরনের ভূমিরূপ সৃষ্টি হয় না?

- ক) মালভূমি
- গ) ভঙ্গিল পর্বত
- খ) চ্যুতি
- ঘ) স্তূপ পর্বত

উত্তর-গ) ভঙ্গিল পর্বত

ব্যাখ্যা- ভূ-আলোড়নের ফলে ভূত্বকে গঠিত বিভিন্ন ভূমিরূপের তারতম্য অনুসারে ভূ-আলোড়নকে প্রধান দুইটি শ্রেণিতে বিভক্ত করা হয়। যেমন, (১) মহীভাবক আলোড়ন এবং (২) গিরিজনি আলোড়ন।

মহীভাবক আলোড়ন (Epeirogenic Movement): মহীভাবক আলোড়ন পৃথিবীর উপরিভাগে লম্বভাবে হয়ে থাকে। ফলে ভূপৃষ্ঠ খাড়াভাবে ওপর বা নিচে উঠানামা করে। ব্যাপক আকারে মহাদেশ জুড়ে সাধারণত এরূপ আলোড়ন হয় বলে একে মহীভাবক আলোড়ন বলা হয়। এ ধরনের আলোড়নের প্রভাব স্থানীয়ভাবেই অধিক দেখতে পাওয়া যায়। মহীভাবক আলোড়নের প্রভাবে ভূপৃষ্ঠে নানা ধরনের ভূমিরূপের সৃষ্টি হয়। এর মধ্যে মালভূমি, চ্যুতি, চ্যুতি ভুগুতট (Fault Scarp), প্রস্থ উপত্যকা, স্তূপ পর্বত প্রভৃতি প্রধান।

6. ৬) কার্বন-ডাই অক্সাইড গ্যাস বৃষ্টির পানির সাথে মিশ্রিত হয়ে কার্বনিক এসিডে পরিণত হয় কোন প্রক্রিয়ায়?

- ক) জারণ (Oxidation)
- খ) অঙ্গারযোজন (Carbonation)
- গ) হাইড্রোলাইসিস (Hydro)
- ঘ) জলযোজন দ্রবন (Solution)

উত্তর- খ) অঙ্গারযোজন (Carbonation)

ব্যাখ্যা- রাসায়নিক বিচূর্ণীভবন প্রধানত নিম্নলিখিত প্রক্রিয়ার মাধ্যমে সংঘটিত হয়; যথা- (ক) জারণ, (খ) অঙ্গারযোজন, (গ) জলযোজন, (ঘ) হাইড্রোলিসিস এবং (৫) দ্রবন

অঙ্গারযোজন বা কার্বনেশন (Carbonation): কার্বন ডাই-অক্সাইড গ্যাস বৃষ্টির পানির সাথে মিশ্রিত হয়ে কার্বনিক এসিডে পরিণত হয়। যেমন, $H_2O + CO_2 = H_2CO_3$ (কার্বনিক এসিড)। এ এসিড কতকগুলো শিলাকে বিশ্লিষ্ট ও চূর্ণবিচূর্ণ

করতে পারে। কার্বন ডাই-অক্সাইড গ্যাসের এ রাসায়নিক সংযোগকে অঙ্গার-যোজন বা কার্বনেশন বলে। যে সব শিলা কার্বনিক এসিড দ্বারা গলে বা ভেঙে যায় ঐগুলোতে সাধারণত ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, পটাসিয়াম, সোডিয়াম এবং লোহা বিদ্যমান থাকে। ঐ উপাদানগুলো ঐ এসিডের সংস্পর্শে আসলে গলতে আরম্ভ করে। ফলে শিলারাশি চূর্ণবিচূর্ণ হয়।

7. মহাদেশীয় ভূ-ত্বকে কোন উপাদানের পরিমাণ বেশি? (Which element is more abundant in continental crust?)

- ক) সিলিকন ও ম্যাগনেসিয়াম (Silicon and magnesium)
 খ) সিলিকন ও অ্যালুমিনিয়াম (Silicon and aluminum)
 গ) সিলিকন ও ক্রোমিয়াম (Silicon and chromium)
 ঘ) ক্রোমিয়াম ও ম্যাগনেসিয়াম (Chromium and magnesium)

উত্তরঃ সিলিকন ও অ্যালুমিনিয়াম (Silicon and aluminum)

ব্যাখ্যা: সিয়াল (SiAl) স্তর অশ্মমণ্ডলের বাইরের স্তর। এ স্তরে গ্রানাইট শিলার পরিমাণ বেশি। তাই একে গ্রানাইট শিলাস্তর বলা হয়। গ্রানাইট শিলায় সিলিকন (Silicon) ও অ্যালুমিনিয়ামের (Aluminium) পরিমাণ সবচেয়ে বেশি। তাই একে সিয়াল (Si + Al → SiAl) স্তর বলা হয়। মহাদেশগুলো সিয়াল ত্বকে গঠিত বলে একে মহাদেশীয় ভূত্বকও (Continental crust) বলে।

8. প্রশ্ন ১: সূর্য থেকে দূরত্ব অনুযায়ী পৃথিবী কততম গ্রহ?

- ক) প্রথম খ) দ্বিতীয় গ) তৃতীয় ঘ) চতুর্থ

উত্তর: গ) তৃতীয়

ব্যাখ্যা: সৌরজগতের গ্রহগুলি সূর্য থেকে দূরত্বের ক্রমানুসারে হলো: বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস এবং নেপচুন। এই ক্রমানুসারে, পৃথিবী তৃতীয় অবস্থানে রয়েছে।

9. ৩. পৃথিবীর আনুমানিক বয়স কত?

- a) ৩৬০ কোটি বছর
 b) ৪৬০ কোটি বছর
 c) ৪৫০ কোটি বছর
 d) ৬০০ কোটি বছর

উত্তর: ৪৫০ কোটি বছর

ব্যাখ্যা: পৃথিবীর আনুমানিক বয়স প্রায় ৪৫০ কোটি বছর (৪.৫৪ × ১০^৯ বছর ± ১%)। এটি ইউরেনিয়াম-সীসা আইসোটোপ ডেটিং পদ্ধতির মাধ্যমে নির্ধারণ করা হয়েছে,

১০। আকাশে উজ্জ্বলতম নক্ষত্র কোনটি?

- a) ধ্রুবতারা
 b) প্রক্সিমা সেন্টারাই
 c) লুব্ধক
 d) পুলহ

উত্তর: লুব্ধক

ব্যাখ্যা: লুব্ধক, যা সিরিয়াস নামেও পরিচিত, রাতের আকাশের সবচেয়ে উজ্জ্বল নক্ষত্র।

Agents of Earth Sculpture

11. কোন প্রক্রিয়ায় নদীর ক্ষয় কাজ সম্পন্ন হয় না?

- ক) পানি প্রবাহ জনিত ক্ষয়
 খ) অবঘর্ষ ক্ষয়
 গ) ভাসমান প্রক্রিয়া

ঘ)ঘর্ষণ ক্ষয়

উত্তরঃ গ)ভাসমান প্রক্রিয়া

ব্যাখ্যা: প্রধানত চারটি প্রক্রিয়ার মাধ্যমে নদী ক্ষয়কাজ সম্পাদন করে। এই প্রক্রিয়াগুলোকে যান্ত্রিক ও রাসায়নিক রাসায়নিক নামক দুইভাগে ভাগ করা হয়।

ক. পানি প্রবাহ জনিত ক্ষয় (Hydraulic Action): প্রবাহিত পানির আঘাতে নদীর গর্ভ (খাত) ও নদীর পার্শ্বদেশের অপেক্ষাকৃত কোমল ও শিথিল মাটি, পাথরখন্ড প্রভৃতি ক্ষয়প্রাপ্ত হয় এবং ভেঙ্গে যায়। একে পানির প্রবাহ জনিত ক্ষয় বলে।

খ. অবঘর্ষণ ক্ষয় (Corrasion): নদী বাহিত পাথরখন্ডের আঘাতে ও সংঘর্ষে নদীর খাত ক্ষয়প্রাপ্ত হয়।

গ. ঘর্ষণ ক্ষয় (Attrition) : নদী প্রবাহিত পাথরগুলো পরস্পর ঘর্ষণে ভেঙ্গে ক্ষুদ্র ক্ষুদ্র পাথরখন্ডে এবং পরে আরও ক্ষুদ্র নুড়ী, কাঁকড় ও বালু কণায় পরিণত হয়। এই প্রক্রিয়াকে 'ঘর্ষণ ক্ষয়' বলে।

ঘ. দ্রবণ (Solution) : নদীর পানির রাসায়নিক প্রভাবে পাথর, মাটি প্রভৃতি দ্রবীভূত হয়ে ক্ষয়প্রাপ্ত হয়। একে দ্রবণ বলে। অপেক্ষাকৃত কোমল শিলা বিশেষকরে মাটি, চূনাপাথর, খড়িমাটি প্রভৃতি এই প্রক্রিয়ায় দ্রুত ক্ষয়প্রাপ্ত হয়।

১২। নিচের কোন প্রক্রিয়া নদীর বহন কাজে সহায়তা করে না?

ক) দ্রবণ প্রক্রিয়া (Solution Process):

খ) ভাসমান প্রক্রিয়া (Suspension Process)

গ)লাফান প্রক্রিয়া (Saltation Process)

ঘ)অবঘর্ষণ ক্ষয় (Corrasion)

উত্তরঃ ঘ)অবঘর্ষণ ক্ষয় (Corrasion)

ব্যাখ্যা: যে কোন নদী (১) দ্রবণ প্রক্রিয়ায় (২) ভাসমান প্রক্রিয়ায় (৩)লাফান প্রক্রিয়ায় এবং (৪) আকর্ষণ প্রক্রিয়ায় বিভিন্ন পদার্থ বহন করে।

১৩। আকৃতির উপত্যকা সৃষ্টি হয় নদী উপত্যকা ক্রমবিকাশ ধারার কোন পর্যায়ে?

ক) নিম্নগতি বা বদ্বীপ অবস্থা

খ) মধ্যগতি বা সমভূমি অবস্থা

গ)উচ্চগতি বা পার্বত্য অবস্থা

ঘ) উচ্চ ও মধ্যবর্তী মধ্যবর্তী অবস্থায়

উত্তরঃ গ)উচ্চগতি বা পার্বত্য অবস্থা

ব্যাখ্যা : অবস্থানের বিভিন্ন পর্যায়ে নদী ভিন্ন ভিন্ন প্রকার উপত্যকা গঠন করে।

ক. উচ্চগতি বা পার্বত্য অবস্থা

খ. মধ্যগতি বা সমভূমি অবস্থা

গ. নিম্নগতি বা ব-দ্বীপ অবস্থা

পার্বত্য অঞ্চলে প্রধানত নদীর উৎপত্তি হয়। উৎস থেকে আরম্ভ করে যতক্ষণ পর্যন্ত কোন নদী পার্বত্য অঞ্চলের উপর দিয়ে প্রবাহিত হয়ে সমভূমিতে উপনীত না হয়, ততক্ষণ পর্যন্ত এর গতিকে পার্বত্য অবস্থা বলা হয়। এজন্য বন্ধুর পার্বত্য অঞ্চলেই নদীর প্রাথমিক গতি। পার্বত্য পর্যায়ে নদী সাধারণত গর্জ, খরস্রোত, পানি প্রপাত, নদী খাতের গ্রাস ও-V- আকৃতির উপত্যকা সৃষ্টি করে।

১৪। নদীর ক্ষয় সাধন ও অপসারণ কম হয় কিন্তু অবক্ষেপণ বেশি হয় কোন পর্যায়ে?

ক) নিম্নগতি বা বদ্বীপ অবস্থা

খ) মধ্যগতি বা সমভূমি অবস্থা

গ)উচ্চগতি বা পার্বত্য অবস্থা

ঘ) উচ্চ ও মধ্যবর্তী মধ্যবর্তী অবস্থায়

উত্তরঃ খ) মধ্যগতি বা সমভূমি অবস্থা

ব্যাখ্যা -মধ্যগতিতে নদী পার্বত্য অঞ্চল থেকে নেমে সমভূমির উপর দিয়ে প্রবাহিত হয় বলে এই গতিকে নদীর সমভূমি অবস্থা বলে। সমভূমি অঞ্চলে নদীগর্ভ ক্রমশ সমুদ্রতলের সমসূত্রে নেমে আসতে থাকে। এই অবস্থায় স্রোত ও শিলারাশি দ্বারা পার্শ্বক্ষয়ের ফলে নদী উপত্যকা ক্রমশ প্রশস্ত হয়। এই অংশে নদী যে অঞ্চল দিয়ে প্রবাহিত হয় তার ঢাল পার্বত্য অঞ্চল অপেক্ষা কম বলে নদীর স্রোতবেগ ক্রমশ কমে যায়।

১৫। খরস্রোত অপেক্ষা ক্ষুদ্র পানিপ্রপাতকে কি বলে?

ক) জলপ্রপাত (Water fall)

খ) কাসকেড (Cascade)

গ) ক্যানিয়ন (Canyon)

ঘ) বরনা (Spring)

উত্তরঃ খ) কাসকেড (Cascade)

ব্যাখ্যা: পার্বত্য এলাকায় খাড়াই ঢাল বেয়ে নামার সময় নদীর স্রোতের বেগ অনেক বেশি থাকে, একে খরস্রোত বলে। এই সময় স্রোতধারা কোমল শিলা সহজেই ক্ষয় করতে পারে, কিন্তু কঠিন শিলা এর প্রভাবে বেশি ক্ষয় হয় না। খরস্রোত অপেক্ষা ক্ষুদ্র পানিপ্রপাতকে কাসকেড (Cascade) বলে। এরূপ ক্ষুদ্র পানিপ্রপাত বেশিদিন স্থায়ী হয় না। মিশরে নীল নদের প্রবাহে কাসকেড দেখা যায়।

১৬। নিচের কোনটি নদীর ক্ষয়জাত ভূমিরূপের অন্তর্গত নয়?

ক) বর্তুলাকার গর্ত (Pot hole)

খ) নদীর বাঁক (Meanders)

গ) অশ্ব খুরাকৃতির আকৃতির হ্রদ

ঘ) গিরিখাত

উত্তরঃ গ) অশ্ব খুরাকৃতির আকৃতির হ্রদ

ব্যাখ্যা: নদীর উল্লেখযোগ্য ক্ষয়জাত ভূমিরূপ হচ্ছে-

১। V-আকৃতির উপত্যকা

২। গিরিখাত

৩। ক্যানিয়ন

৪। প্রাকৃতিক সেতু

৫। খরস্রোত

৬। পানি প্রপাত

৭। বর্তুলাকার গর্ত

৮। নদীর বাঁক

৯। নদী মঞ্চ

১৭। নিচের কোনটি নদীর সঞ্চয়জাত ভূমিরূপের একটি উদাহরণ?

(ক) গিরিখাত (খ) পলল পাখা (গ) 'V' আকৃতির উপত্যকা (ঘ) ক্যানিয়ন

সঠিক উত্তর: (খ) পলল পাখা

ব্যাখ্যা: নদীর সঞ্চয়জাত ভূমিরূপ হল সেইসব ভূমি যা নদীর বহন করা পলি, বালি, কাঁদা ইত্যাদি সঞ্চিত হওয়ার ফলে গঠিত হয়।

পলল পাখা: যখন নদী পাহাড়ি অঞ্চল থেকে সমভূমিতে নেমে আসে, তখন তার গতি কমে যায়। এই অবস্থায় নদী তার বহন করা পলি, বালি ও নুড়িগুলো পাহাড়ের পাদদেশে সঞ্চয় করে ত্রিকোণাকৃতির ভূমি গঠন করে, একে পলল পাখা বলে। এটি নদীর সঞ্চয়কার্যের একটি গুরুত্বপূর্ণ উদাহরণ।

১৮। বায়ুর কাজ বেশি দেখা যায়

(ক) উষ্ণ মরুভূমিতে

(খ) শীতল মরুভূমিতে

(গ) উচ্চ পার্বত্য অঞ্চলে

উত্তর: (ক) উষ্ণ মরুভূমিতে

১৯। কঠিন শিলাযুক্ত অঞ্চলে কম ঢালযুক্ত ছোটো ছোটো জলপ্রপাতকে বলে ?

(ক) রেপিড

(খ) ক্যাসকেড

(গ) ক্যাটারাক্ট

উত্তর: রেপিড

ব্যাখ্যাঃ খরস্রোত (Rapid or Cataract): পার্বত্য এলাকায় খাড়াই ঢাল বেয়ে নামার সময় নদীর স্রোতের বেগ অনেক বেশি থাকে, একে খরস্রোত বলে। এই সময় স্রোতধারা কোমল শিলা সহজেই ক্ষয় করতে পারে, কিন্তু কঠিন শিলা এর প্রভাবে বেশি ক্ষয় হয় না। ফলে প্রবল স্রোত কঠিন শিলার খাড়া ঢাল বেয়ে সজেরে নিচে নেমে আসে। এরূপ প্রবাহকে খরস্রোত বলে। মিশর ও সুদানে নীল নদের প্রবাহ পথে অনেক খরস্রোত রয়েছে।

২০। উচ্চগতিতে নদীর প্রধান কাজ কি?

(a) ক্ষয়

(b) বহন

(c) সঞ্চয়

২১। তির্যক বালিয়াড়িকে বলে?

(a) সিফ

(b) বার্খান

(c) লোয়েস

উত্তর:বার্খান।

২২। হিমবাহের উপরের পৃষ্ঠে ফাটলগুলিকে বলা হয়:

(a) বার্গফ্রন্ড

(b) ক্রেভাসেস

(c) হিমসিঁড়ি

উত্তর:ক্রেভাসেস।

ব্যাখ্যাঃ ক্রেভাসেস (Crevasses): হিমবাহের বরফ যখন অসমভাবে প্রবাহিত হয় বা বিভিন্ন গতিতে চলে, তখন বরফের উপরিভাগে গভীর ফাটল সৃষ্টি হয়। এই ফাটলগুলিকেই ক্রেভাসেস বা হিমদরী বলা হয়।

২৩। হিমসিঁড়ির মধ্যে হিমবাহ-গলা পানি জমে কি সৃষ্টি হয়?

(ক) প্যাটানস্টার

(খ) ফিয়র্ড

(গ) করি

উত্তর:প্যাটানস্টার।

ব্যাখ্যাঃ হিমসিঁড়ির মধ্যে হিমবাহ-গলা পানি জমে প্যাটানস্টার হ্রদ সৃষ্টি হয়। এটি এমন একটি হ্রদ যা হিমবাহের ক্ষয়কার্যের ফলে সৃষ্টি সিঁড়ির মতো ধাপগুলির মধ্যে অবস্থিত থাকে।

২৪। সমুদ্রোপকূল সংলগ্ন আংশিক জলপূর্ণ গিরিখাতকে কি বলা হয়?

(ক) ফিয়র্ড

(খ) হিমদ্রোণী

(গ) বুলন্ত উপত্যকা

উত্তর:ফিয়র্ড।

২৫। সমুদ্রে ভাসমান বিশালাকৃতি হিমবাহকে কি বলা হয় ?

(ক) হিমপ্রাচীর

(খ) হিমশৈল

(গ) হিমস্তূপ

উত্তর: (গ) হিমস্তূপ

ব্যাখ্যা- সমুদ্রে ভাসমান বিশালাকৃতি হিমবাহকে হিমশৈল (Iceberg) বলা হয়। হিমশৈল হলো বরফের বিশাল খণ্ড যা হিমবাহ থেকে বিচ্ছিন্ন হয়ে সমুদ্রে ভেসে বেড়ায়।

26. হিমবাহের ক্ষয় কার্যের ফলে সৃষ্ট উপত্যকায় বরফ গলা পানি সঞ্চিত হয়ে কি গঠিত হয়?

ক) এরিটি (Arette):

খ) সার্ক (Cirque)

গ) সার্ক হ্রদ (Cirque lake)

ঘ) আগামুক (Erratic):

উত্তর: গ) সার্ক হ্রদ (Cirque lake)

(গ) হিমস্তূপ

ব্যাখ্যা: সার্ক হ্রদ (Cirque lake) : সার্কের মধ্যে হিমবাহ সম্পূর্ণরূপে গলে গেলে উপত্যকার আকৃতি স্পষ্টরূপে দেখতে পাওয়া যায়। সার্কগুলোর মধ্যে হিমবাহ গলা পানি সঞ্চিত হলে সেগুলো হ্রদে পরিণত হয়। এরূপ হ্রদকে 'সার্কহ্রদ' বলা হয়। কখনও কখনও একই অঞ্চলে একাধিক সার্ক সৃষ্টি হয় এবং তার ফলে সেখানে ভূ-পৃষ্ঠের বিশেষ পরিবর্তন ঘটে।

27. বুলন্ত উপত্যকা হিমবাহের কোন কার্যের জন্য গঠিত হয়?

ক) ক্ষয় কার্য

খ) সঞ্চয়কার্য

গ) পরিবহন কার্য

ঘ) ক্ষয় এবং সঞ্চয়কার্য

উত্তর: ক) ক্ষয় কার্য

ব্যাখ্যা: বুলন্ত উপত্যকা - ক্ষুদ্র ক্ষুদ্র হিমবাহ অনেক উপনদী উপত্যকা পর্যায়িত করে মূল বড় আকৃতির হিম ভাইয়ের সাথে মিলিত হয় এবং বড় হিমবাহের উপত্যকাটি গভীরতম হয়। মনে হয় যেন অগভীর ক্ষুদ্র উপত্যকা গুলো এর উপর চলছে এরকম উপত্যকা বুলন্ত বুলন্ত উপত্যকা নামে পরিচিত।

28. হিমবাহের তলদেশে সঞ্চিত কাদাবিহীন পাথরখন্ড (Gravel) ও মোটা বালুরাশি দ্বারা গঠিত আঁকা বাঁকা দীর্ঘ শৈলশিলাকে কি বলে?

ক) এস্কার (Esker)

খ) কেন (kame)

গ) ড্রানলিন (Dranlin)

ঘ) আগামুক (Erratic)

উত্তর- ক) এস্কার (Esker)

ব্যাখ্যা: এস্কার (Esker) : হিমবাহের তলদেশে সঞ্চিত কাদাবিহীন পাথরখন্ড (Gravel) ও মোটা বালুরাশি দ্বারা গঠিত আঁকা বাঁকা দীর্ঘ শৈলশিলাকে 'এস্কার' বলে। নিম্নভূমিতে হিমবাহের গতি থেমে গেলে এরূপ অবয়ব গঠিত হয়। ফিনল্যান্ড, সুইডেন প্রভৃতি দেশে এই প্রকার এস্কার প্রচুর পরিমাণে দেখতে পাওয়া যায়।

এটি হিমবাহের সঞ্চয়জাত ভূমিরূপ।

29. এরিটি (Arette) কি ?

(ক) বায়ুর ক্ষয়কাজের ফলে গঠিত ভূমিরূপ

(খ) নদীর ক্ষয়কাজের ফলে গঠিত ভূমিরূপ

(গ) হিমবাহের ক্ষয়কাজের ফলে গঠিত ভূমিরূপ

উত্তর: হিমবাহের ক্ষয়কাজের ফলে গঠিত ভূমিরূপ।

ব্যাখ্যা: এরিটি (Arête) বা অ্যারেং হলো হিমবাহের ক্ষয়কাজের ফলে গঠিত একটি ভূমিরূপ। যখন দুটি পাশাপাশি হিমবাহ উপত্যকা ক্ষয়প্রাপ্ত হয়, তখন তাদের মধ্যবর্তী সংকীর্ণ, খাঁজকাটা শৈলশিরাটিকে এরিটি বা অ্যারেং বলে।

30. প্রায়-সমতল মরুভূমির মধ্যে বিক্ষিপ্তভাবে দাঁড়িয়ে থাকা কঠিন শিলা গঠিত

টিলাগুলিকে বলে:

(ক) মোনাডনক

(খ) ইনসেলবার্জ

(গ) ড্রামলিন

উত্তর: (খ) ইনসেলবার্জ

ব্যাখ্যা : ইনসেলবার্জ (Inselberg) :- কঠিন শিলা দ্বারা গঠিত মরু অঞ্চল দীর্ঘদিন ধরে বায়ুর ক্ষয়কারের ফলে প্রায় সমতল ভূমিতে পরিণত হয় এবং অপেক্ষাকৃত কঠিন শিলাস্তর গুলি কম ক্ষয়প্রাপ্ত হয়ে মসৃণ গোলাকার অনুচ্চ ক্ষয়ীভূত পাহাড় বা টিলার আকারে দাঁড়িয়ে থাকে। এদের ইনসেলবার্জ (Inselberg) বলে।

 ইনসেলবার্জের বৈশিষ্ট্য:-

১) ইহা বায়ুর ক্ষয়কারের ফলে সৃষ্ট ভূমিরূপ।

২) ইনসেলবার্জ সাধারণত গ্রানাইট, নিস জাতীয় কঠিন শিলা দ্বারা গঠিত হয়।

৩) এগুলি শুষ্ক মরু ও মরুপ্রায় অঞ্চলে গড়ে ওঠে।

৪) ইনসেলবার্জের উচ্চতা 30 থেকে 300 মিটার হয়।

ইয়ারডাঙ্গ (Yardang): বালুর ঘর্ষণ ও কর্ষণের ফলে শিলাস্তরের উঁচু-নিচু বা ঢেউটিনের মত অবস্থার সৃষ্টি হয়। কখনও শিলার অনুবাত (যে দিকে বায়ুর আঘাত লাগে) অংশ প্রায় গোলাকার হয় এবং তার উপরিভাগ একটি নৌকার তলদেশের উল্টান অবস্থার মত দেখায়। অপেক্ষাকৃত নরম শিলায় গঠিত অংশ ক্ষয়প্রাপ্ত হলে মধ্যের কঠিন শিলার অংশ উঁচু, খাড়া, অসমান অবয়বের সৃষ্টি হয়। এগুলোকে ইয়ারডাঙ্গ বলে। প্রায় ৭ মিটার উঁচু, ১০ থেকে ৪০ মিটার চওড়া ইয়ারডাঙ্গগুলো ভূভাগে সৃষ্ট ছোট বড় গর্ত বা খাঁজ দ্বারা পরস্পর থেকে বিচ্ছিন্ন থাকে। মধ্য এশিয়ার মরুভূমিতে এরূপ অবয়ব দেখতে পাওয়া যায়।

৩১. আউটওয়াশ প্লেন (বহিঃবিধৌত সমভূমি) গঠিত হয় কেন?

(a) হিমবাহের সঞ্চয় কাজের ফলে

(b) বায়ুর সঞ্চয় কাজের ফলে

(c) হিমবাহ ও জলধারার মিলিত সঞ্চয় কাজের ফলে

উত্তর: হিমবাহের সঞ্চয় কাজের ফলে।

ব্যাখ্যা- আউটওয়াশ প্লেন বা বহিঃবিধৌত সমভূমি হলো হিমবাহের প্রান্তভাগে হিমবাহের গলিত বরফ থেকে উৎপন্ন জলধারা দ্বারা বাহিত পলি, বালি এবং নুড়িপাথর জমা হয়ে গঠিত একটি ভূমিরূপ। এটি হিমবাহের সঞ্চয় কাজের সাথে সাথে জলধারার দ্বারা পাললিক পদার্থের পুনর্বিন্যাস এবং সঞ্চয়ের ফলে সৃষ্টি হয়।

D. Theories on the Various Tectonic Aspects of the Earth's Surface Processes - Plate Tectonic Theory - Wegner's Continental Drift Theory - Theories of Isostasy and Gravity Tectonics

৩২। প্রাচীন গন্ডোয়ানাভূমির ভূভাগে কোন যুগের প্রাণী লক্ষ করা যায় ?

ক) মেসোজোয়িক

খ) প্যালিওজোয়িক

গ)প্রি-ক্যামব্রিয়াম

উত্তরঃ খ)প্যালিওজোয়িক ।

